৮১

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 NOV 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

ইত্তেফাক রিপোর্ট ॥ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৬ সালের ফাজিল ও কামিল পরীক্ষার ফল গতকাল (মঙ্গলবার) প্রকাশিত হইয়াছে।

ফাজিল পরীক্ষায় ৯৪৫ জন ছাত্রীসহ মোট পরীক্ষার্থী ছিল ১৫ হাজার ৯১৮ জন। তন্মধ্যে ৩৮৭ জন প্রথম বিভাগে, ৬ হাজার ৮১০ জন দ্বিতীয় বিভাগে এবং ৪ হাজার ৫৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের শতকরা হার ৭০ দশমিক ৬৭। নোয়াখালী চন্দ্রগঞ্জ কারামাতিয়া কামিল মাদ্রাসার ছাত্র

(১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**মেধা তালিকা**
**১৪-এর পাতায়**

## ফাজিল-কামিল

(১ম পৃঃ পর)

মোহাম্মদ জসীমউদ্দিন ভূঞা ৭৯০ নম্বর পাইয়া ফাজিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করিয়াছে।

কামিল পরীক্ষায় ১০৩ জন ছাত্রীসহ ১০ হাজার ৯৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। তন্মধ্যে ৭৮৩ জন প্রথম বিভাগে, ৬ হাজার ৭০১ জন দ্বিতীয় বিভাগে এবং ৯১৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের শতকরা হার ৮৩ দশমিক ২৩। ভোলার বোরহানউদ্দিন কামিল মাদ্রাসার ছাত্র মোঃ মনিরুজ্জামান ৮৭১ নম্বর পাইয়া কামিল পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করিয়াছে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ সাদউল্লাহ গতকাল (মঙ্গলবার) প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের নিকট ১৯৯৬ সালের ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল পেশ করেন। বোর্ডের রেজিস্ট্রার মোঃ তমিজউদ্দিন এ সময়ে উপস্থিত ছিলেন।